

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)  
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)  
বিপিপিএ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.bppa.gov.bd](http://www.bppa.gov.bd)

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.২১-১৭৬

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
০২ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: সরকারী প্রতিষ্ঠানে আউটসোর্সিং পদ্ধতিতে সেবাক্রয়ের ঠিকাদার নিয়োগের ক্ষেত্রে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের  
আওতাধীন কলকারখানা প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক ঠিকাদারী লাইসেন্স ও বাংলাদেশ জয়েন্টস্টক  
কোম্পানী রেজিস্ট্রেশন প্রাপ্ত সরবরাহকারী প্রতিষ্ঠান এর লাইসেন্স প্রসঙ্গে।


সূত্র: সিভিল সার্জনের কার্যালয়, রংপুর এর স্মারক নং-সিএস/রং/প্রশাঃ/হিসাব/৩১/২০২৪/১৭৬০; তারিখ: ৩০/০৬/২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩(ক) অনুসারে “অন্য আইনে ভিন্নতর যাহা কিছু থাকুক না কেন, কোন ঠিকাদার সংস্থা, যে নামে অবহিত হোক না কেন, যাহা বিভিন্ন সংস্থায় চুক্তিতে বিভিন্ন পদে কর্মী সরবরাহ করে থাকে সরকারের নিকট হইতে রেজিস্ট্রেশন ব্যতীত এইরূপ কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।”

০২। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩(ক)(২) এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ৩৫৪ বিধি মোতাবেক, উক্ত বিধিমালা প্রণীত হওয়ার ৬ মাসের মধ্যে দেশের সকল ঠিকাদার সংস্থা/বাণিজ্যিক ব্যাংক/বীমা প্রতিষ্ঠানকে কলকারখানা ও পরিদর্শন অধিদপ্তর থেকে রেজিস্ট্রেশন গ্রহণ করতে হবে। অধিকন্তু, দরপত্রদাতা লিমিটেড কোম্পানী ও পার্টনারশীপ প্রতিষ্ঠান হলে বাংলাদেশ জয়েন্টস্টক কোম্পানীর রেজিস্ট্রেশন থাকাও বাধ্যতামূলক।

০৩। সূত্রে উল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে বর্ণিত বিষয়ে প্রেরিত তথ্য ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মতামত প্রদান করা হলো। এ মতামত শুধু সূত্রে উল্লিখিত পত্রের বিষয়ে প্রযোজ্য হবে।

সিভিল সার্জন  
সিভিল সার্জনের কার্যালয়  
রংপুর।

  
০২/১২/২০২৪

(আফরোজা পারভীন)  
পরিচালক (উপসচিব)

মোবাইলঃ ০৭১৩০৯০৮৯৪৪


Email: [afroza16539@gmail.com](mailto:afroza16539@gmail.com)

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.২১-১৭৬

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
০২ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

- ১। সচিবের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অফিস কপি।

  
০২/১২/২০২৪

(আফরোজা পারভীন)  
পরিচালক (উপসচিব)

মোবাইলঃ ০৭১৩০৯০৮৯৪৪

Email: [afroza16539@gmail.com](mailto:afroza16539@gmail.com)